

BENGALI

অভিবাসীদের জন্য তথ্য

অভিবাসীদের জন্য বিশেষ পরিমেবায় প্রদত্ত সহায়তাগুলো হল:

- যদি ইচ্চিগ্রেশনের প্রাথমিক পর্যায়ে আপনার সহায়তার প্রয়োজন হয়।
- যদি আপনি বসবাসের অনুমতি বা নিবন্ধিত পৌরসভা ছাড়াই হেলসিঙ্কিতে থাকেন।
- যদি আপনি মানব পাচার শিকারদের জন্য সহায়তা ব্যবস্থার অধীনে থাকেন বা সন্দেহ করেন যে আপনি শোষিত হয়েছেন।

আমরা আপনাকে নতুন বসবাসের দেশে দৈনন্দিন জীবন পরিচালনায় সাহায্যের উদ্দেশ্যে সহায়তা প্রদান করব। আমরা একসাথে, আর্থিক, আবাসন, সুস্থিতা এবং সম্পর্ক সংক্রান্ত সমস্যার সমাধান খুঁজে পেতে পারি। এছাড়া, আমরা বাসস্থান, দেশে প্রবেশ এবং সামাজিক অংশগ্রহণ সংক্রান্ত বিষয়ে সহায়তা করতে পারি। প্রয়োজন হলে আমরা আমাদের পরিমেবাগুলোতে দোভাষী ব্যবহার করি।

তায়োপাজানকাতু 14এ, 00580 হেলসিঙ্কি-তে অবস্থিত কালাসাতামা হেলথ এন্ড ওয়েল-বিয়িং সেন্টারে (Kalasatama Health and Well-being Center) আমরা সামাজিক কল্যাণের দৃষ্টিকোণ থেকে যেকোন ব্যক্তিকে অ্যাপয়েন্টমেন্ট ছাড়াই পরামর্শ দিই।

সাক্ষাত্কার ছাড়া মুখোমুখি পরামর্শ

স্থান: কালাসাতামা হেলথ এন্ড ওয়েল-বিয়িং সেন্টার (THK), তায়োপাজানকাতু 14এ

সময়: সকাল 8:15টা — বিকাল 4:00টা

কক্ষ: 1001, অপেক্ষা ক্রম নম্বরের মাধ্যমে পরিষেবা উপলব্ধ আছে

ফোনে পরামর্শ

অভিবাসী এবং মানব পাচার শিকারদের জন্য

ফোন: 0931037577

ঘন্টা: সকাল 8:15টা — দুপুর 12:00টা এবং দুপুর 1:00টা — বিকাল 4:00টা

নথিভুক্তিবিহীন ব্যক্তিদের জন্য

ফোন: 0931023747

ঘন্টা: সকাল 9:00টা — বিকাল 4:00টা

আপনি মাইসা অনলাইন পরিমেবার মাধ্যমেও আমাদের পরিমেবাগুলোর জন্য আবেদন করতে পারেন।

অভিবাসীদের জন্য বিশেষ পরিষেবার উদাহরণ হিসাবে আপনি নিম্নলিখিত পরিস্থিতিতে সহায়তা পেতে পারেন:

- আবাসনের জন্য আবেদন করা বা ভাড়ার চুক্তি বুঝতে আমার অসুবিধা হচ্ছে এবং সাহায্যের প্রয়োজন আছে।
- পারিবারিক পুনর্মিলন সম্পর্কে আমার প্রশ্ন আছে এবং আমার পরিবারের ফিনল্যান্ডে আসার সময় সহায়তার প্রয়োজন আছে।
- স্থানীয় ভাষার নির্দেশাবলী এবং উপকরণগুলি যথেষ্ট না হওয়ার কারণে আমার বিষয়গুলো সামলানোর জন্য আমার আরও সাহায্যের দরকার।
- আমি আর্থিক বিষয় নিয়ে উদ্বিগ্ন এবং আর্থিক পরিকল্পনা নিয়ে পরামর্শের প্রয়োজন।
- বসবাস বা দেশে প্রবেশ সংক্রান্ত বিষয়গুলো নিয়ে আমার সহায়তার প্রয়োজন আছে।
- আমি নথিভুক্ত নয় এবং কঠিন জীবনের পরিস্থিতিতে সহায়তার প্রয়োজন।
- আমার সুস্থতা, মানসিক স্বাস্থ্য বা সম্পর্ক সম্পর্কিত সমস্যাগুলোর জন্য আমার সাহায্য দরকার।
- আমি মানব পাচার অথবা অন্যান্য শোষণের শিকার হয়েছি এবং আমার পরিস্থিতির জন্য সহায়তার প্রয়োজন।
- আমি একজন আন্তর্জাতিক ছাত্র এবং দৈনন্দিন জীবন পরিচালনার জন্য সহায়তার প্রয়োজন।